রিওপেনিং নিউ ইয়র্ক

অ-খাদ্য সম্পর্কিত কৃষিকাজের নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য নির্দেশিকা

এই নির্দেশিকা পুনরায় খোলার জন্য অনুমোদিত নিউ ইয়র্কের অঞ্চলগুলিতে খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত সকল কার্যকলাপগুলির ক্ষেত্রে প্রযোজ্য, সেই সাথে সমগ্র স্টেটে সেই সমস্ত খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত ক্রিয়াকলাপ যা আগে অত্যাবশ্যক হিসেবে পরিচালিত হওয়ার জন্য অনুমোদিত ছিল, সেগুলির ক্ষেত্রে প্রযোজ্য।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল কৃষি ব্যবসাগুলিকে, খাদ্য নয় এমন কৃষি সংক্রান্ত ক্রিয়াকলাপ সম্পর্কিত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

শারীরিক দূরত্ব

অত্যাবশ্যক

- ✓ কর্মীদের মধ্যে দূরত্ব 6 ফুট নিশ্চিত করা, যদি নিরাপত্তা বা কাজের কার্যকলাপের মূল ফাংশনের জন্য একটি সংক্ষিপ্ত দূরত্ব প্রয়োজন না হয়ে থাকে।
- ✓ যে কোনো সময় কর্মীরা যখন পরস্পরের থেকে 6 ফুটের কম দূরত্বে থাকেন, তখন তাদের গ্রহণযোগ্য মুখের আবরণ পরতে হবে।
- ✓ অভ্যন্তরে ঘটা কোন কাজের ক্ষেত্রে, কোন একটি স্থানের কর্মীসংখ্যা এই স্থানের দখলের সার্টিফিকেট দ্বারা ঠিক করা সর্বাধিক কর্মী ধারণক্ষমতার 50% মধ্যে সীমাবদ্ধ করতে হবে, সুপারভাইজরদের এই গণনা থেকে বাদ রেখে, যদি না মূল কাজগুলি সুরক্ষিতভাবে করার জন্য আরো কর্মী প্রয়োজন হয় (যেমন, সরঞ্জাম মেরামতের দোকান, সংরক্ষণ এবং মাশুল প্রদেয় এলাকা) এবং অতিরিক্ত প্রশমন কৌশল অবলম্বন করা হয় (যেমন, সব সময়ে মুখের আবরণ পরে থাকা)।
- ✓ ছোট স্থানগুলিতে (যেমন এলিভেটর, হয়েস্ট) এক সময়ে শুধুমাত্র একজন ব্যক্তি থাকা উচিত, যদি না সকল ব্যক্তিরা মুখের আবরণ পরে থাকেন। ওই স্থানে একাধিক ব্যক্তি থাকলে, সর্বাধিক যতজন ওই স্থানে থাকতে পারবেন তার 50% এর কম রাখুন।
- ✓ অপরিহার্য নয় এমন মানুষের সশরীরে সমবেত হওয়া সীমিত করুন যতটা সম্ভব।
- ✓ বিক্রয়ের জন্য ঘোড়া এবং অন্যান্য প্রাণী দেখা/প্রজনন, সংক্রান্ত শিক্ষা, এবং অশ্বারোহণের জন্য ভাড়া শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে, এবং একটি আউটডোর এরিনা বা এলাকায় করতে হবে গ্রাহক এবং কর্মচারীদের মধ্যে 6 ফুট সামাজিক দূরত্ব কঠোরভাবে মেনে চলার সাথে।

সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন

- ✓ শুধুমাত্র বর্তমান কাজের (কাজগুলির) জন্য প্রয়োজনীয় কর্মীদের পর্যন্ত উপস্থিতি সীমিত করা, কর্মক্ষেত্রের সময় সমন্বয় করা, আগমণ/প্রস্থানের সময় আগু-পিছু করা, A/B দল তৈরি করা, এবং/অথবা এক সময়ে একটি এলাকায় শুধুমাত্র একটি দলের সময়সূচী নির্ধারণ করার মাধ্যমে কর্মীদের জন্য অতিরিক্ত জায়গা তৈরি করা।
- ✓ সংকীর্ণ আইল,হলওয়ে বা জায়গায় তীর চিহ্ন দিয়ে সঙ্কেত স্থাপন করে দ্বিমুখী পায়ে চলাচল হ্রাস করা।
- ✓ কর্মক্ষেত্র এবং কর্মচারীদের বসার জায়গার ব্যবহার পরিবর্তন করুন এবং/অথবা সংখ্যা সীমিত করুন 6 ফুট দূরত্ব বজায় রাখা এবং একাধিক ক্রু এবং/অথবা দল একটি এলাকায় কাজ করা এড়ানোর জন্য। যদি না হয় সম্ভব হয়, মুখের আবরণ প্রদান করুন এবং আবশ্যক করুন বা শারীরিক প্রতিবন্ধকতা প্রণয়ন করুন (উদাহরণস্বরূপ প্লাস্টিক শিল্ডিং দেয়াল), ওশা নির্দেশিকা অনুযায়ী, যে সব এলাকায় তারা বায়ু প্রবাহ তাপ, শীতলিকরণ, অথবা ভেন্টিলেশন বিঘ্নিত করবে না।
- ✓ সুবিধার জন্য বিকল্প পদ্ধতি বিবেচনা করুন খাদ্য নয় এমন কৃষি পণ্যের সরাসরি বিক্রয় সুগম করার জন্য। বিকল্পসমূহের অন্তর্ভুক্ত হতে পারে অনলাইনে অর্ডার করা, বা গ্রিনহাউজে/নার্সারিতে পিক-আপ করা সহ, অন্যান্য নতুন ধরনের ক্রয় সমাধান।
- ✓ নিশ্চিত করুন যে ইনস্টলেশন, ট্যাগিং, জরিপ এবং ফসল কাটার জন্য প্রয়োজনীয় যে কোন সেবা শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট এবং গ্রাহকদের মধ্যে ন্যূনতম আলাপচারিতার মাধ্যমে করা হয়।
- ✓ বাইরে বিক্রয় পরিচালনা করুন, কঠোরভাবে গ্রাহক এবং কর্মচারীদের মধ্যে 6 ফুট সামাজিক দূরত্ব মেনে। গ্রাহকদের টেবিল বা উদ্ভিদ প্রদর্শনের কাছাকাছি অত্যাধিক বেশি সময় ব্যয় করার অনুমতি দেওয়া হয় না।
- ✓ যখন সম্ভব টেলি- বা ভিডিও-কনফারেন্সিং ব্যবহার করুন। প্রয়োজনীয় সশরীরে উপস্থিতির সমাবেশ (যেমন সভা) খোলা, ভালো ভেন্টিলেশন সুবিধা আছে এবং উপযুক্ত সামাজিক দূরত্বের সঙ্গে ফাঁকা স্থানে অনুষ্ঠিত করা উচিত।
- ✓ সাধারণত ব্যবহৃত সাইটে (যেমন ক্লক ইন/আউট স্টেশন, হেলথ স্ক্রিনিং স্টেশন) এবং অন্যান্য প্রযোজ্য স্থানের ক্ষেত্রে ব্যবধান নিশ্চিত করে 6 ফুট দূরত্ব চিহ্নিত করে টেপ বা চিহ্ন ব্যবহারের মাধ্যমে সামাজিক দূরত্বের মার্কার চিহ্নিত করুন।

রিওপেনিং নিউ ইয়র্ক

অ-খাদ্য সম্পর্কিত কৃষিকাজের নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য নির্দেশিকা

এই নির্দেশিকা পুনরায় খোলার জন্য অনুমোদিত নিউ ইয়র্কের অঞ্চলগুলিতে খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত সকল কার্যকলাপগুলির ক্ষেত্রে প্রযোজ্য, সেই সাথে সমগ্র স্টেটে সেই সমস্ত খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত ক্রিয়াকলাপ যা আগে অত্যাবশ্যক হিসেবে পরিচালিত হওয়ার জন্য অনুমোদিত ছিল, সেগুলির ক্ষেত্রে প্রযোজ্য।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল কৃষি ব্যবসাগুলিকে, খাদ্য নয় এমন কৃষি সংক্রান্ত ক্রিয়াকলাপ সম্পর্কিত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
শারীরিক দূরত্ব (চলছে)	✓ পিক-আপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা স্থাপন করুন, সম্ভাব্য ক্ষেত্রে কন্ট্যাক্ট সীমিত করুন।	✓ সাইটে অনাবশ্যক দর্শনার্থীদের প্রবেশ নিষিদ্ধ করুন।
প্রতিরক্ষামূলক সরঞ্জাম	✓ নিয়োগকারীর কাছ থেকে কর্মচারীদের বিনা খরচে একটি গ্রহণযোগ্য মুখের আবরণ কর্মীদের প্রদান করতে হবে এবং প্রতিস্থাপনের ক্ষেত্রে আবরণের একটি পর্যাপ্ত সরবরাহ থাকতে হবে। ✓ গ্রহণযোগ্য মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, কাপড়ের (যেমন বাড়িতে সেলাই করা, ছোটো করে কাটা, ব্যান্ডানা) এবং সার্জিকাল মাস্ক, যদি না কাজের ধরন অনুযায়ী আরো কঠোর PPE (যেমন N95 রেসপিরেটর, ফেস শিল্ড) অবশ্যক হয়। ✓ মুখ আবরণ পরিষ্কার বা ব্যবহারের পরে প্রতিস্থাপন করা আবশ্যক বা যখন ক্ষতিগ্রস্ত বা ময়লা হয়ে যায়, যা আর শেয়ার করা নাও যেতে পারে, তখন সেগুলো সঠিকভাবে সংরক্ষণ বা বাতিল করা উচিত। ✓ জিনিসপত্র (যেমন সরঞ্জাম, মেশিনারি, যানবাহন) শেয়ার করা সীমিত করুন, এবং শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা নিরুৎসাহিত করুন; অথবা, যখন শেয়ার করা বস্তু বা প্রায়শই স্পর্শ করা এলাকার সংস্পর্শের প্রয়োজন হবে, তখন গ্লাভস পরুন (পেশা-উপযুক্ত বা চিকিৎসাগত); অথবা, সংস্পর্শে আসার আগে ও পরে হাত জীবাণুমুক্ত করুন বা ধুয়ে ফেলুন।	
স্বাস্থ্যবিধি, পরিষ্কার করা, এবং জীবানুমুক্তকরণ	✓ রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) এর দেওয়া স্বাস্থ্যবিধি এবং জীবাণুমুক্তকরণের আবশ্যকতাগুলি মেনে চলুন এবং সাইটে পরিষ্কার করার লগ বজায় রাখুন যাতে তারিখ, সময়, এবং পরিষ্কার করার ব্যাপ্তি নথিবদ্ধ করা থাকে। ✓ কর্মীদের জন্য হাতের পরিচ্ছন্নতার স্টেশন প্রদান এবং রক্ষণাবেক্ষণ করুন, সাবান, পানি এবং কাগজের তোয়ালে সহ হাত ধোয়ার জন্য এবং যেখানে হাত ধোয়ার ব্যবস্থা করা যাবে না সেখানে 60% বা তার বেশি অ্যালকোহল-যুক্ত হ্যান্ড স্যানিটাইজার প্রদান করুন। ✓ শেয়ার করা এবং প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলি ব্যবহার করার আগে ও পরে, কর্মচারীদের হাতের স্বাস্থ্যবিধি পালনের পরে, পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণ সামগ্রীগুলি ব্যবহার করতে উৎসাহিত করুন।	✓ সুরক্ষার পূর্বসতর্কতাগুলো মেনে চলার সাথে যেখানে সম্ভব বাইরের বায়ু চলাচলের ব্যবস্থা রাখুন (যেমন- দরজা বা জানালা খোলা রাখা)। ✓ কর্মীদের দুপুরের খাবার বাড়ি থেকে আনতে উৎসাহিত করুন এবং খাবার খাওয়ার সময় কর্মীদের জন্য সামাজিক দূরত্ব বজায় রাখার পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করুন।

রিওপেনিং নিউ ইয়র্ক

অ-খাদ্য সম্পর্কিত কৃষিকাজের নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য নির্দেশিকা

এই নির্দেশিকা পুনরায় খোলার জন্য অনুমোদিত নিউ ইয়র্কের অঞ্চলগুলিতে খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত সকল কার্যকলাপগুলির ক্ষেত্রে প্রযোজ্য, সেই সাথে সমগ্র স্টেটে সেই সমস্ত খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত ক্রিয়াকলাপ যা আগে অত্যাবশ্যক হিসেবে পরিচালিত হওয়ার জন্য অনুমোদিত ছিল, সেগুলির ক্ষেত্রে প্রযোজ্য।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল কৃষি ব্যবসাগুলিকে, খাদ্য নয় এমন কৃষি সংক্রান্ত ক্রিয়াকলাপ সম্পর্কিত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
স্বাস্থ্যবিধি, পরিষ্করণ, এবং জীবাণুমুক্তকরণ (চলছে)	✓ পরিবেশ রক্ষা সংস্থার (Environmental Protection Agency, EPA) দ্বারা COVID-19 এর বিরুদ্ধে কার্যকর হিসাবে চিহ্নিত পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর পণ্য ব্যবহার করে অন্তত প্রতিটি শিফটের পরে প্রতিদিন, অথবা প্রয়োজনে তারও বেশিবার নিয়মিতভাবে শেয়ার করা জিনিসপত্র (যেমন সরঞ্জাম, মেশিন, কন্ট্রোল প্যানেল, কিপ্যাড) এবং পৃষ্ঠতলগুলি এবং উচ্চ যাতায়াত করা এলাকাগুলি, যেমন বিশ্রামাগার এবং সর্বজনীন এলাকাগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের কাজ পরিচালনা করুন।	
	✓ যদি পরিষ্কার বা জীবাণুনাশক কাজ নিরাপত্তার বিঘ্ন ঘটায় বা তাতে উপাদান বা যন্ত্রপাতির অবনতি হয়, তাহলে সেখানে হাতের স্বাস্থ্যবিধি স্টেশন স্থাপন করতে হবে এবং/অথবা ডিসপোজেবল গ্লাভস সরবরাহ করতে হবে।	
	✓ শেয়ার করা খাবার/পানীয় নিষিদ্ধ করুন (যেমন বুফে ধাঁচের খাবার)।	
যোগাযোগ	✓ নিশ্চিত করুন যে আপনি রাজ্যের জারি করা শিল্প নির্দেশিকা পর্যালোচনা করেছেন এবং বুঝতে পেরেছেন এবং আপনি সেগুলি বাস্তবায়ন করবেন।	✓ হালনাগাদকৃত তথ্য প্রদান করার জন্য কর্মী, দর্শনার্থী এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা স্থাপন করুন।
	✓ সাইটের সর্বত্র সাইনেজ পোস্ট করে কর্মীদের সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্বের নিয়ম, PPE এর সঠিক ব্যবহার এবং তা পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার জন্য সতর্ক করুন।	
	✓ সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তার পরিকল্পনা সহজেই চোখে পরে এমন জায়গায় পোস্ট করুন।	

রিওপেনিং নিউ ইয়র্ক

অ-খাদ্য সম্পর্কিত কৃষিকাজের নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য নির্দেশিকা

এই নির্দেশিকা পুনরায় খোলার জন্য অনুমোদিত নিউ ইয়র্কের অঞ্চলগুলিতে খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত সকল কার্যকলাপগুলির ক্ষেত্রে প্রযোজ্য, সেই সাথে সমগ্র স্টেটে সেই সমস্ত খাদ্যের সাথে সম্পর্কিত নয় এমন কৃষি সম্পর্কিত ক্রিয়াকলাপ যা আগে অত্যাবশ্যক হিসেবে পরিচালিত হওয়ার জন্য অনুমোদিত ছিল, সেগুলির ক্ষেত্রে প্রযোজ্য।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল কৃষি ব্যবসাগুলিকে, খাদ্য নয় এমন কৃষি সংক্রান্ত ক্রিয়াকলাপ সম্পর্কিত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
স্ক্রিনিং	✓ নতুন প্রোটোকল ও প্রায়শ জিজ্ঞাসিত নিরাপত্তার নির্দেশিকা সম্পর্কে সব কর্মীকে প্রশিক্ষণ দিন। ✓ অসুস্থ কর্মীদের বাড়িতে থাকা উচিত অথবা কর্মক্ষেত্রে অসুস্থ হলে বাড়িতে ফিরে যাওয়া উচিত। ✓ যেসব কর্মী (1) গত 14 দিনে COVID-19 উপসর্গ সম্পর্কে জানতে চেয়েছে, (2) গত 14 দিনে COVID-19 পরীক্ষায় পজিটিভ ধরা পড়েছে, এবং/অথবা (3) গত 14 দিনে COVID-19 হওয়া বা হয়েছে বলে সন্দেহ করা কারো ঘনিষ্ট বা নিকট সংস্পর্শে এসেছেন, তাদের প্রত্যেকের জন্য স্বাস্থ্য পরীক্ষা (যেমন, প্রশ্নপত্র, তাপমাত্রা যাচাই) বাধ্যতামূলক করুন। ✓ COVID-19 পজিটিভ হওয়া কোন কর্মীকে প্রতিষ্ঠানে ঢুকতে দেবেন না এবং তার অবস্থা মূল্যায়ন ও পরীক্ষা করার জন্য তাকে তার স্বাস্থ্যসেবা প্রদানকারির সাথে যোগাযোগের নির্দেশনাবলী দিয়ে বাড়িতে পাঠিয়ে দেবেন। ✓ কারো নিশ্চিতভাবে করোনা ধরা পড়লে তৎক্ষণাৎ স্টেট ও স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে জানান এবং সংশ্লিষ্ট ব্যক্তিকে স্বাস্থ্যসেবা ও পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজনীয় তথ্য ও দিকনির্দেশনা প্রদান করুন। ✓ একটি পজিটিভ কেসের ক্ষেত্রে পরিষ্কার করার, জীবাণুমুক্ত করার, এবং কন্ট্যাক্ট ট্রেসিংয়ের জন্য একটি পরিকল্পনা করুন। ✓ স্ক্রিনিং প্রক্রিয়ার অংশ হিসেবে সংগৃহীত সকল উত্তর প্রতিদিন পর্যালোচনা করুন এবং এ ধরনের পর্যালোচনার একটি রেকর্ড সংরক্ষণ করুন। সবার জরুরি যোগাযোগের তথ্য সংগ্রহ করে রাখুন যাতে কারো মধ্যে প্রশ্নপত্রে নির্দেশিত COVID-19 উপসর্গ দেখা গেলে যোগাযোগ করা যায়।	✓ যতদূর সম্ভব, কর্মীরা সাইটে আসার আগে দূরবর্তীভাবে স্ক্রিনিং সম্পাদন করুন (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে)। ✓ যথাযথ PPE পরিধান করে বা স্পর্শহীন উপায়ে সম্পন্ন করা ডেলিভারীগুলি ছাড়া, কর্মী ও অতিথি সহ প্রত্যেক ব্যক্তির, যাদের কাজের সাইটে বা অঞ্চলে অন্যান্য ব্যক্তিদের সাথে নিকট বা ঘনিষ্ঠ সংযোগ হতে পারে, তাদের জন্য সব সময় একটি অব্যাহত লগ বজায় রাখুন। ✓ যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত এবং উপযুক্ত PPE পরা উচিৎ, যার মধ্যে ন্যূনতমভাবে একটি মুখের আবরণ অন্তর্ভুক্ত। ✓ যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে কাজে আবার যোগদান করতে চাইছেন বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির নিকট বা ঘনিষ্ঠ সান্নিধ্যে এসেছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য DOH এর নির্দেশিকা দেখুন।